**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 14-01-2026** **Desk in Charge :- SDG**
**Time: 7-50 P.M.** **Editing & Compiling : Prajesh B.**
**DEO:- KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর –

১/ কলকাতা হাইকোর্ট, কয়লা পাচার কাণ্ডে ভোট পরামর্শদাতা সংস্থা আইপ্যাক কর্ণধারের অফিস ও বাড়িতে ইডির তল্লাশির ঘটনায় তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলা, খারিজ করে দিয়েছে।

২/ তারকেশ্বর-বিষ্ণুপুর নতুন রেল পথ প্রকল্পে ময়নাপুর থেকে জয়রামবাটির মধ্যে ১৫ কিলোমিটার দীর্ঘ রেলপথের সূচনা হতে চলেছে। # এই রেলপথে একটি নতুন ট্রেন'ও চালু করা হচ্ছে।

৩/ নিপা ভাইরাসে আক্রান্ত দুজনের শারীরিক অবস্থা অপরিবর্তিত রয়েছে।

# 'কন্টাক্ট ট্রেসিং' করে মোট ১২১ জনকে চিহ্নিত করা হয়েছে।

৪/ মকর সংক্রান্তি উপলক্ষ্যে গঙ্গাসাগরে চলছে পুণ্যস্নানের পালা। # অজয় নদের তীরে বসেছে কেন্দুলি মেলা।

৫/ বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী অর্ঘ্য সেনের জীবনবসান হয়েছে।

৬/ প্রখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবীর জন্ম শতবর্ষ, আজ উদ্‌যাপন করা হচ্ছে।

*****************************************************************

কলকাতা হাইকোর্ট, কয়লা পাচার কাণ্ডে ভোট পরামর্শ দাতা সংস্থা আইপ্যাকের সল্টলেকের অফিস ও লউডন স্ট্রীটের বাড়িতে গত ৮ জানুয়ারি ইডির তল্লাসির ঘটনায় তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলা খারিজ করে দিয়েছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দাবি করা হয়, ঐ দিন কয়লা দুর্নীতির তদন্তের নামে ইডি, আইপ্যাকের কম্পিউটার থেকে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য তৃণমূল কংগ্রেসের গুরুত্বপূর্ণ রাজনৈতিক নথি /ডাটা নিয়ে নিয়েছে। কিন্তু মামলার শুনানিতে নথির প্রশ্নে, কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল এস ভি রাজু স্পষ্ট জানান, কোনো নথি ইডি বাজেয়াপ্ত করেনি। বরং রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীই তদন্ত চলাকালীন নথি ও ইলেক্ট্রনিক্স ডিভাইস নিয়ে গেছেন। দু'পক্ষের বক্তব্য শোনার পর বিচারপতি শুভ্রা ঘোষ তৃণমূল কংগ্রেসের এই মামলা খারিজ করে দেন।

অন্যদিকে, তল্লাশীতে মুখ্যমন্ত্রীর বাধাদানের ঘটনায় সিবিআই তদন্তের দাবী জানিয়ে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে হাইকোর্টে যে আবেদন করা হয়েছিল, আজ ইডির আর্জি মেনে সেই শুনানির ওপর স্থগিতাদেশ দিয়েছেন বিচারপতি। ইডির তরফ থেকে আদালতে জানানো হয়, একই দাবীতে দেশের শীর্ষ আদালতেও আবেদন জানানো হয়েছে, সেজন্য সুপ্রীম কোর্টে শুনানি না হওয়া পর্যন্ত এই শুনানি মুলতুবি রাখা হোক। ইডির এই আর্জিতেই আজ মান্যতা দিয়েছে হাইকোর্ট।

**********************

বিজেপি এসআইআর প্রক্রিয়ায় ফর্ম সাত জমা দেওয়ার ক্ষেত্রে বিশৃঙ্খলা বন্ধ করতে নির্বাচন কমিশনের হস্তক্ষেপ চেয়েছে। বিজেপি নেতা তাপস রায়ের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ সন্ধ্যায় মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে ডেপুটেশন দিয়ে এই দাবি জানান। তারা অভিযোগ করেন,এসআইআর সংক্রান্ত ফর্ম সাত জমা দেওয়া নিয়ে এক বিশৃঙ্খল পরিস্থিতি তৈরি হয়েছে। বিভিন্ন এলাকায় স্থানীয় প্রশাসন ও শাসক দলের চাপে পড়ে সেই ফর্ম নিতে দায়িত্বপ্রাপ্তরা অস্বীকার করছেন। অবিলম্বে এই সমস্যা সমাধানের জন্য বিজেপি প্রতিনিধি দল নির্বাচন কমিশনের কাছে আর্জি জানিয়েছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) সংক্রান্ত দাবি ও আপত্তি জানানোর সময়সীমা শেষ হচ্ছে আগামীকাল। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে জানানো হয়েছে খসড়া ভোটার তালিকা প্রকাশের পরে সাধারণ ভোটারদের কাছ থেকে ফর্ম ৬ মারফত নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন পড়েছে ৩ লক্ষ ৭৮ হাজার ১৬৩টি এবং ফর্ম ৭ মারফত নাম বাদ দেওয়ার আপত্তি জমা পড়েছে ৩৮ হাজার ৮৬৫টি।

এদিকে, রাজ্য প্রশাসনের বিরুদ্ধে SIR প্রক্রিয়ায় অসহযোগিতার অভিযোগ তুলে বিজেপি, সময়সীমা বাড়ানোর দাবি জানিয়েছে।

**********************

SIR প্রক্রিয়ায় আপত্তির ফর্ম ৭ জমা না নেওয়ায় বিভিন্ন জেলায় প্রতিবাদে সামিল হচ্ছেন বিজেপি বিধায়করা।

**উত্তর ২৪ পরগণার** বনগাঁ মহকুমা শাসক উর্মি দে বিশ্বাসের ঘরের সামনে আজ অবস্থান বিক্ষোভ করেন বনগাঁ উত্তরের বিজেপি বিধায়ক অশোক কীর্তনিয়া, গাইঘাটার বিধায়ক সুব্রত ঠাকুর এবং বনগাঁ দক্ষিণের বিধায়ক স্বপন মজুমদার। তাঁদের অভিযোগ, নির্দেশিকা অনুযায়ী জমা পড়া প্রতিটি ৭ নম্বর ফর্ম, ERO গ্রহণ করবেন। গতকাল পর্যন্ত নেওয়া হলেও আজ সকালে হঠাৎই তা' বন্ধ করে দেওয়া হয়। নির্বাচন কমিশনকে এব্যাপারে তাঁরা অভিযোগ জানাবেন বলে জানান।

এদিকে, **মুর্শিদাবাদের** বহরমপুর এসডিও অফিসের সামনে আজ ৭ নম্বর ফর্ম জমা না নেওয়ার অভিযোগকে কেন্দ্র করে উত্তেজনার সৃষ্টি হয়। প্রশাসনের বিরুদ্ধে গণতান্ত্রিক অধিকার খর্ব করার অভিযোগ তুলে অফিসের সামনে ধরনায় বসেন বিজেপির বহরমপুর সাংগঠনিক জেলার সভাপতি মলয় মহাজন সহ দলীয় কার্যকর্তারা। কান্দি এলাকার দলের বিএলএ-রাও এই ধর্ণা কর্মসূচীতে যোগ দেন।

**********************

ভোটার ফর্ম জমা না নেওয়ার অভিযোগ তুলে **শিলিগুড়ির** এসডিও অফিসে বিক্ষোভ দেখিয়েছেন উত্তরবঙ্গের তিন বিজেপি বিধায়ক। আনন্দময় মুর্মু , দুর্গা মুর্মু এবং শঙ্কর

ঘোষ, গত সোমবার অভিযোগ করেন, ERO দপ্তর ইচ্ছাকৃতভাবে ভোটার তালিকার সংশোধন সংক্রান্ত ছয় ও সাত নম্বর ফর্ম গ্রহণ এবং প্রাপ্তিস্বীকার করছে না। তাঁদের অভিযোগ, কিছু বিএলও অকারণে বিভ্রান্তি সৃষ্টি করছেন। এমনকি জীবিত ব্যক্তিদের মৃত দেখানো হচ্ছে বলেও তাঁরা অভিযোগ করেন।

**********************

নির্বাচন কমিশন বিধানসভা নির্বাচনের আগেই পশ্চিমবঙ্গে রাজ্যসভার শূন্য হতে চলা পাঁচ আসনে নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে। আগামী দোসরা এপ্রিল  রাজ্যের পাঁচ জন রাজ্যসভার সাংসদ তৃণমূল কংগ্রেসের সুব্রত বক্সী, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, মৌসম বেনজির নূর, সাকেত গোখলে এবং সিপিআইএমের বিকাশ রঞ্জন ভট্টাচার্যের মেয়াদ শেষ হচ্ছে।

সংবিধান অনুযায়ী, কোনও রাজ্যসভার সাংসদের মেয়াদ শেষ হওয়ার আগে সংশ্লিষ্ট রাজ্যে নির্বাচন সম্পন্ন করা বাধ্যতামূলক। সেই নিয়ম মেনেই পশ্চিমবঙ্গে এই পাঁচটি আসনে নির্বাচন করাতে হবে। কমিশন সূত্রে জানা গেছে, দোসরা এপ্রিলের আগে নির্বাচন করতে হলে মেয়াদ শেষের অন্তত ১৫ দিন আগে ভোটপ্রক্রিয়া সম্পন্ন করা বাধ্যতামূলক। সেই হিসেবে মার্চের মাঝামাঝি নাগাদ ভোট করাতে হবে। ফলে বিজ্ঞপ্তি জারি করতে হবে ফেব্রুয়ারির শেষ সপ্তাহের মধ্যেই। অর্থাৎ এসআইআর প্রক্রিয়ার চাপের মধ্যেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে নতুন করে যুক্ত হচ্ছে রাজ্যসভার নির্বাচন পরিচালনার দায়িত্ব।

শুধু পশ্চিমবঙ্গ নয়—একই সময়ে মহারাষ্ট্র, ওড়িশা, তামিলনাড়ু, তেলেঙ্গানা, অসম, বিহার, ছত্তীসগঢ়, হরিয়ানা এবং হিমাচল প্রদেশেও রাজ্যসভার নির্বাচন হবে। তবে প্রতিটি রাজ্যে পৃথক তারিখে নির্বাচন সম্পন্ন করার নির্দেশ কমিশনের তরফে ইতিমধ্যেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পাঠানো হয়েছে বলে জানা যাচ্ছে।

**********************

রাজ্যবাসী নতুন ২ টি বন্দে ভারত স্লিপার ট্রেন এবং ৯ টি অমৃতভারত এক্সপ্রেস ট্রেন পেতে চলেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ১৭ তারিখ মালদা থেকে ২'টি বন্দে ভারত স্লিপার ট্রেন এবং ৬ টি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের উদ্বোধন করবেন। বর্ধমানে বিজেপির কার্যালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে দলের রাজ্য সহ সভাপতি অগ্নিমিত্রা পাল জানান, এর ফলে উত্তরবঙ্গের সংগে আসাম সহ দক্ষিণ ভারতের বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরের যোগাযোগ সহজ হবে।

এছাড়াও প্রধানমন্ত্রী ১৮ তারিখ, সিঙ্গুর থেকে ৩ টি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন এবং নদীয়ার মায়াপুর থেকে জয়রামবাটী পর্যন্ত লোকাল ট্রেনের উদ্বোধন করবেন।

যাতায়াত ব্যবস্থা দ্রুত ও আরামদায়ক হওয়ায় উত্তরবঙ্গে পর্যটকদের আনাগোনা বাড়বে অর্থনীতির বিকাশ হবে, মালদার আম থেকে বালুচরি শাড়ি পৌঁছে যাবে দেশের বিভিন্ন বাজারে। রেলের আধুনিকীকরণ ও স্টেশন উন্নয়নের ফলে স্থানীয় স্তরে কর্ম সংস্থানও বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন।

**********************

তারকেশ্বর-বিষ্ণুপুর নতুন রেল পথ প্রকল্পের ময়নাপুর-বড়গোপীনাথপুর- জয়রামবাটির মধ্যে ১৫ কিলোমিটার দীর্ঘ রেলপথের সূচনা হতে চলেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এরাজ্য সফরে আগামী ১৮ জানুয়ারি এই নতুন রেলপথের সূচনা করবেন। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী, ময়নাপুর ও জয়রামবাটির মধ্যে নতুন ট্রেন পরিষেবার ও উদ্বোধন করবেন বলে রেল সূত্রের খবর। এই ট্রেন পরিষেবা চালু হলে স্থানীয় বাসিন্দা ও যাত্রীরা যেমন উপকৃত হবেন, ব্যবসা বাণিজ্য ও পর্যটন শিল্পের বিস্তার ঘটবে বলে আশা করা হচ্ছে। বাঁকুড়া-বিষ্ণুপুর-ময়নাপুরের মধ্যে যাত্রী পরিষেবা সম্প্রসারিত হবে জয়রামবাটি পর্যন্ত। জয়রামবাটি-বাঁকুড়ার মধ্যে উদ্বোধনী স্পেশাল ট্রেনটি, জয়রামবাটি-বাঁকুড়া MEMU স্পেশাল হিসাবে, জয়রামবাটি থেকে বিকেল তিনটেয় ছাড়বে। বিকেল ৫ টা ৩৫ মিনিটে বাঁকুড়া পৌঁছাবে। চলার পথে ট্রেনটি বড়গোপীনাথপুর, ময়নাপুর, গোকুলনগর, জয়পুর, বীরসা মুন্ডা হল্ট, বিষ্ণুপুর,

রামসাগর, ওন্দাগ্রাম, এবং ভেদুয়াশোল স্টেশনে থামবে বলে রেল সূত্রে জানানো হয়েছে।

**********************

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, ১৮ই জানুয়ারি সিঙ্গুরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরিবর্তন সংকল্প সভায় উপস্থিত থাকতে কৃষক ও সাধারণ মানুষকে আমন্ত্রণ জানিয়েছেন। শ্রী মজুমদার আজ সিঙ্গুরে টাটার কারখানার মাঠে প্রধানমন্ত্রীর সভাস্থল পরিদর্শন করেন। এরপর সিঙ্গুরের কৃষক ও সাধারণ মানুষের বাড়িতে গিয়ে তিনি সভায় উপস্থিত থাকতে সবাইকে আমন্ত্রণ জানান।

সিঙ্গুর প্রসঙ্গে শ্রী মজুমদার বলেন, কারখানার জন্য জমি দানে ইচ্ছুক ও অনিচ্ছুক কৃষক এবং সাধারণ মানুষ প্রত্যেকেই অন্ধকারে অতল গহ্বরে তলিয়ে গেছে। বিজেপি রাজ্যে ক্ষমতায় এলে টাটা সংস্থাকে বাংলায় ফিরিয়ে আনা হবে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী স্পষ্ট জানান।

**********************

নিপা ভাইরাসে আক্রান্ত দু'জনের শারীরিক অবস্থা একই রকম রয়েছে বলে স্বাস্থ্য দফতর জানিয়েছে। এর পাশাপাশি আরও ওই আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আশায় আরো দুজনকে বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদিকে আক্রান্ত দুই নার্স বারাসাতের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তাঁদের শারীরিক অবস্থা উদ্বেগজনক ও একজন কোমায় রয়েছেন বলে হাসপাতাল সূত্রের খবর।

স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, হাই রিস্ক, লো রিস্ক মিলিয়ে মোট ১২১ জনকে চিহ্নিত করা হয়েছে। যারা ওই আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে এসেছিলেন। তাদের নমুনা সংগ্রহ করে কল্যাণী এইমসে পাঠানো হচ্ছে। সেখান থেকে নমুনা পরীক্ষার জন্য তা পাঠানো হবে পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজিতে। রাজ্য সরকার পরিস্থিতির দিকে নজর রেখেছে এবং সংক্রমণ প্রতিরোধে সব রকম ব্যবস্থা নেওয়া হয়েছে বলে স্বাস্থ্য

দফতর জানিয়েছে। এর পাশাপাশি কেন্দ্রীয় সরকারের একটি বিশেষজ্ঞ দলও কাজ করছে।

**********************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা 'বিশ্বের চোখে ভারত'। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**********************

মকরসংক্রান্তি উপলক্ষ্যে গঙ্গাসাগরে চলছে পূণ্যস্নানের পালা। আজ দুপুর তিনটে পর্যন্ত সাগরমেলায় ৮৫ লক্ষ পুণ্যার্থী এসেছেন।

একটি প্রতিবেদন (ভিসি- গৌতম মন্ডল)

**********************

মকর সংক্রান্তি উপলক্ষে বীরভূমের জয়দেবেও শুরু হয়েছে কেন্দুলি মেলা। অজয় নদের তীরে প্রতিবারের মতো এবারও মেলায় বসেছে বাউল গানের আসর। সংস্কৃত পণ্ডিত, গীতগোবিন্দ-এর রচয়িতা জয়দেবের স্মৃতি তর্পনের উদ্দ্যেশ্যে উদযাপিত হয় এই মেলা। রাঢ়বাংলার বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম সহ বিভিন্ন স্থানে টুসু বিসর্জন হয়েছে। পৌষ সংক্রান্তিতে ঘুড়ির উৎসবে মেতে উঠেছেন বর্ধমানের বাসিন্দারা।

**********************

সুরলোকের মায়া ত্যাগ করে চিরঘুমের দেশে পাড়ি দিলেন রবীন্দ্র সংগীতের বিশিষ্ট শিল্পী অর্ঘ্য সেন। বেশ কিছুদিন তিনি বার্ধক্য জনিত অসুখে ভুগছিলেন। আজ সকালে দক্ষিণ কলকাতার বাসভবনে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

(ইনসার্ট- অর্ঘ্য সেন)

ছোটবেলা থেকে মায়ের কাছেই তাঁর গানের হাতেখড়ি। পরবর্তীকালে কলকাতায় দেবব্রত বিশ্বাস ও অশোক তরু বন্দ্যোপাধ্যায়ের কাছে তিনি সংগীত চর্চা করেন। ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট ও তারপরে ন্যাশনাল স্যাম্পল সার্ভে অফ ইন্ডিয়ায় গুরুত্বপূর্ণ পদে কর্মরত থেকেও প্রাণের সঙ্গে তিনি ধরে রেখেছিলেন রবীন্দ্রনাথের গান। সুরের সুক্ষ্ম অনুভূতি ও ভাবের গভীরতায় সঙ্গীত তাঁর কন্ঠে সব সময় ভিন্নমাত্রা পেয়েছে। বাংলা গানে তাঁর অবদানের স্বীকৃতি স্বরূপ ১৯৯৭ এ তিনি সংগীত নাটক একাডেমী সম্মানে সম্মানিত হন। তাঁর মৃত্যুতে সঙ্গীত জগতের আকাশে আর এক নক্ষত্র পতন হলো।

**********************

প্রখ্যাত সাহিত্যিক মহাশ্বেতা দেবীর আজ শততম জন্মদিন। ১০০ বছর আগে মকর সংক্রান্তির দিনেই ঢাকার বিখ্যাত ঘটক পরিবারে তাঁর জন্ম। এক সাংস্কৃতিক পরিমণ্ডলে বড় হয়ে উঠেছিলেন মহাশ্বেতা। বাবা মনিশ ঘটক, যুবনাশ্ব ছিলেন বিশিষ্ট ছোট গল্পকার ও কবি। কাকা প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক ঘটক। মামা ছিলেন রবীন্দ্র সান্নিধ্য ধন্য অমিয় চক্রবর্তী। খগেন্দ্রনাথ মিত্র সম্পাদিত রংমশাল পত্রিকায় কিশোরী মহাশ্বেতার প্রথম লেখা প্রকাশিত হয়। বৃহৎ প্রাতিষ্ঠানিক প্রকাশনার বিরুদ্ধে তিনি আজীবন ছিলেন আপসহীন, লেখনিকে বাঁচিয়ে রেখেছিলেন ছোট পত্রিকার পাশে থেকে।

**********************

সারা রাজ্যেই শীতের আমেজ অব্যাহত। তবে রবিবার থেকে তাপমাত্রা কোথাও কোথাও দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে এক দশমিক ৮ ডিগ্রী কম। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল প্রায় স্বাভাবিক।

উল্লেখযোগ্যভাবে দক্ষিণবঙ্গের দু'একটি জায়গায় কমেছে সর্বনিম্ন তাপমাত্রা। দক্ষিণবঙ্গের আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় শ্রীনিকেতনে ৮.৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম। অন্যদিকে, উত্তরবঙ্গের

কোচবিহারে তাপমাত্রা ছিল ৮.৯ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা রেকর্ড করা হয় তিন ডিগ্রি সেলসিয়াস। মালদার কোচবিহার এবং পশ্চিম বর্ধমান জেলায় সকালবেলায় মাঝারি কুয়াশা দেখা যায়।

*****************************************************************